# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮৪০

২৮/ দোয়া (كتاب الدعاء)

পরিচ্ছেদঃ ২৮/৩. যা থেকে আশ্রয় চেয়েছেন রাসূলুল্লাহ ﷺ

بَاب مَا تَعَوَّذَ مِنْهُ رَسُولُ اللهِ ﷺ

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ الْحِزَامِيُّ، حَدَّثَنَا بَكْرُ بْنُ سُلَيْمٍ، حَدَّثَنِي حُمَيْدٌ الْخَرَّاطُ، عَنْ كُرَيْبٍ، مَوْلَى ابْنِ عَبَّاسٍ عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يُعَلِّمُنَا هَذَا الدُّعَاءَ كَمَا يُعَلِّمُنَا السُّورَةَ مِنَ الْقُرْآنِ " اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ جَهَنَّمَ وَأَعُوذُ بِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَسِيحِ الدَّجَّالِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ " .

বাংলা

৩/৩৮৪০। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিম্নোক্ত দোয়াটি আমাদেরকে এতো গুরুত্ব সহকারে শিক্ষা দিতেন যত গুরুত্ব সহকারে তিনি আমাদের কুরআনের কোন সূরা শিক্ষা দিতেনঃ ”হে আল্লাহ! আমি তোমার নিকট আশ্রয় চাই জাহান্নামের আযাব থেকে, তোমার নিকট আরো আশ্রয় চাই কবরের আযাব থেকে তোমার নিকট আরো আশ্রয় চাই মাসীহ দাজ্জালের বিপর্যয় থেকে এবং তোমার নিকট আরো আশ্রয় চাই জীবন ও মৃত্যুর বিপর্যয় থেকে।

## English

It was narrated that Ibn 'Abbas said:
"The Messenger of Allah (saas) used to teach us this supplication just as he would teach us a Surah from the Qur'an: 'Allahumma inni a'udhu bika min 'adhabi jahannam, wa a'udhu bika min 'adhabil-qabr, wa a'udhu bika min fitnatil-masihil-dajjal, wa a'udhu bika min fitnatil-mahya wal-mamat (O Allah, I seek refuge with You from the torment of Hell, and I seek refuge with You from the torment of the grave, and I see refuge with you from the tribulation of False Christ, and I seek refuge with You from the trials of life and death).'"

## ফুটনোট

মুসলিম ৫৯০, তিরমিযী ৩৪৯৪, নাসায়ী ২০৬৩, ৫৫১২,& ৯৮৪, ১৫৪২, আহমাদ ২১৬৯, ২৩৩৮, ২৭০৪, ২৭৭৪, ২৮৩৪, মুয়াত্তা মালেক ৪৯৯, সহীহ আবু দাউদ ১৩৭৬। তাহকীক আলবানীঃ হাসান সহীহ। উক্ত হাদিসের রাবী হুমায়দ আল-খাররাত সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তার হাদিস বর্ণনায় কোন সমস্যা নেই। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। আহমাদ বিন সালিহ আল-জায়লী বলেন, তিনি সিকাহ। ইমাম যাহাবী বলেন, তার বিষয়টি মতানৈক্য। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৫২৬, ৭/৩৬৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44805

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন